

122425



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

স্মারক নং-বামাশিবো/প্রশাসন/কুড়িগ্রাম-৪২/ ১২০৭

তারিখ: ২/ আশ্বিন ১৪২৭
২৪ সেপ্টেম্বর ২০২০


বিষয়: সহকারী সুপারকে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব প্রদান প্রসঙ্গে

সূত্র: জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রামের এর স্মারক নং- জেশিঅ/কুড়ি/২০২০/৪৬৮; তারিখ: ২০ আগস্ট ২০২০খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলাধীন মমিনগঞ্জ কেরামতিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসায় সহকারী সুপার থাকা সত্ত্বেও মাদ্রাসার সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা)-কে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব প্রদান করা হয়েছে মর্মে জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম কর্তৃক সূত্রোক্ত স্মারকে বোর্ডকে অবহিত করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নং-সংখ্যা-শিম/শাঃ১১/৩-৯/২০১১/২৫৬; তারিখ: ০৬ জুন ২০১১ স্মারকে সুপার/অধ্যক্ষের অনুপস্থিতিতে সহকারী সুপার/উপাধ্যক্ষ দায়িত্ব পালন করবেন, সহকারী সুপার/উপাধ্যক্ষ না থাকলে জ্যেষ্ঠ শিক্ষককে দায়িত্ব প্রদান করতে হবে মর্মে পরিপত্র জারি করা হয়।

বর্ণিত অবস্থায় মাদ্রাসার সহকারী সুপার/জ্যেষ্ঠ শিক্ষককে বাদ দিয়ে সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা)-কে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব প্রদান বিধি বহির্ভূত হওয়ায় পত্র প্রাপ্তির ২০(বিশ) দিনের মধ্যে সহকারী সুপারকে দায়িত্ব প্রদান করে বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


২৪.০৯.২০২০

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

প্রাপক: সভাপতি- পরিচালনা কমিটি


মমিনগঞ্জ কেরামতিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসা, পোঃ এস, পি. মাদারগঞ্জ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-বামাশিবো/প্রশাসন/কুড়িগ্রাম-৪২/ ১২০৭

তারিখ: ২/ আশ্বিন ১৪২৭
২৪ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম;
২. উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম;
৩. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম;
৪. সহকারী সুপার, মমিনগঞ্জ কেরামতিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসা, পোঃ এস, পি. মাদারগঞ্জ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৫. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।


২৪/৯/২০২০

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪


২৪/৯/২০২০